

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

২১ ফেব্রুয়ারী ২০১৬
০৯ ফাঙ্কন ১৪২২

বাণী

আজ মহান ২১ ফেব্রুয়ারি। জাতীয়ভাবে এ দিনটি আমরা 'শহীদ দিবস' এবং জাতীয় ও আন্তর্জাতিক উভয় পর্যায়ে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালন করি। এ দিনে আমি শ্রদ্ধাভরে স্মরণ করি বাংলাকে মাতৃভাষা হিসেবে প্রতিষ্ঠিত করার সংগ্রামে জীবন উৎসর্গকারী রফিক, সালাম, বরকত, জব্বারসহ সকল ভাষা শহীদকে।

শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর কালজয়ী নেতৃত্বে ১৯৫২ থেকে ১৯৭১ বাঙালী স্বাধিকার আদায়ের আন্দোলনের ধারাবাহিকতায় ভাষা, সংস্কৃতি ও স্বকীয়তার ভিত্তিতে আমরা অর্জন করেছি স্বাধীন বাংলাদেশ। স্বাধীনতার পর বঙ্গবন্ধু ১৯৭২ সালে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠিত করেন এবং ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের ২৯তম অধিবেশনে প্রথম বারের মতো বাংলার ভাষণ দিয়ে বাংলা ভাষাকে বিশ্বের অন্যান্য ভাষা-ভাষীর কাছে নতুনভাবে পরিচয় করিয়ে দেন।

১৯৫২-এর 'অমর একুশে' এখন সারা বিশ্বে উদযাপিত হচ্ছে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়োপযোগী উদ্যোগ ও নেতৃত্ব এবং প্রবাসী বাঙালীদের ঐকান্তিক প্রচেষ্টার ফসল হিসেবে ১৯৯৯ সালে UNESCO ২১শে ফেব্রুয়ারী ও বাংলা ভাষাকে এই গৌরবময় স্বীকৃতি দেয়।

ভাষা হল যে কোন জাতির শিকড়ের মতো। এর মাঝেই বিকাশ লাভ করে জাতির সাহিত্য, সংস্কৃতি ও নিজস্ব সত্তা। নিজ ভাষা ভুলে যাওয়ার অর্থ হল নিজকে ভুলে যাওয়া। আজকের এই দিনে প্রবাসী ভাই বোনদের প্রতি আমার আবেদন, প্রবাস জীবনের শত ব্যস্ততার মাঝেও ছেলে-মেয়েদের নিকট বাংলা ভাষা ও বাঙালী সংস্কৃতির পরিচয় করিয়ে দিতে আন্তরিকভাবে চেষ্টা করবেন। আমি আশা করব আপনাদের এ প্রচেষ্টার মাধ্যমে নতুন প্রজন্ম শুদ্ধভাবে বাংলার চর্চা করবে এবং এভাবেই তাদের মাধ্যমে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে বাংলা ভাষার চর্চা চলবে, এবং ভাষাই হবে মাতৃভূমির সাথে ভবিষ্যৎ প্রজন্মের মূল যোগসূত্র।

অমর একুশের মহান চেতনায় উজ্জীবিত হয়ে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে 'রূপকল্প-২০২১' ও 'রূপকল্প-২০৪১' এর আলোকে বাংলাদেশকে একটি প্রগতিশীল, প্রযুক্তি ভিত্তিক, উন্নত ও মর্যাদাশীল দেশ হিসেবে গড়ে তোলার কাজে আত্মনিয়োগ করি - আজকের দিনে এই হোক আমাদের অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

(আবুল হাসান মাহমুদ আলী, এম.পি)

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

21 February 2016
9 Falgun 1422

Message

Today is great 21st February. We observe this day as the 'Shaheed Dibosh' at national level and as the 'International Mother Language Day' both nationally and internationally. On this day I remember with profound respect all language martyrs including Rafiq, Salam, Barkat, Jabbar who laid down their lives for establishing the right of our mother tongue Bangla.

With deep reverence, I recall our Father of the Nation Bangabandhu Shiekh Mujibur Rahman under whose legendary leadership through a systematic struggle for self-autonomy from 1952 to 1971 we attained independent Bangladesh based on language, culture and distinct identity. After independence in 1972, Bangabandhu established Bangla as our state language and then on 25 September 1974 at the 29th session of the General Assembly of the United Nations he delivered his speech in Bangla for the first time and introduced Bangla anew to the world.

The 'Immortal Ekushey' of 1952 is now observed as the 'International Mother Language Day' all over the world. It was the daughter of Bangabandhu Hon'ble Prime Minister Sheikh Hasina with her timely initiative and leadership and through sincere efforts of some expatriate Bangalees, that resulted the UNESCO conferring 21 February and Bangla with this glorious recognition in 1999.

Language is akin to root of a nation. Literature, culture and self identity of a nation flourish through language. Forgetting mother tongue means losing your own identity. I urge my expatriate brothers and sisters to try sincerely to familiarise their children with Bangla language and Bengali culture in spite of their hectic life style in foreign lands. I hope with these efforts of yours our new generation would be able to practice Bangla correctly and eventually through them Bangla and Bengali culture will be cross-generational. Language will be their connection to the mother land.

Let us pledge today to strengthen the hands of the daughter of Bangabandhu Hon'ble Prime Minister Sheikh Hasina and engage ourselves to transform Bangladesh into a progressive, technology based, developed and dignified country as enunciated in 'Vision-2021' and 'Vision-2041' Imbued with the noble spirit of immortal Ekushey.

Joy Bangla, Joy Bangabandhu.


(Abul Hassan Mahmood Ali, M.P)